

বঙ্গবন্ধুর স্বপ্ন সোনার বাংলা গঠনে সরকারের দ্বিতীয় বছর পূর্তি উপলক্ষে আমাদের প্রাণচালা অভিনন্দন।

- কৃষি পণ্যের উপযুক্ত বন্টন ব্যবস্থা এবং বহুবিধ ব্যবহার বৃদ্ধির মাধ্যমে অর্থনীতিকে মজবুত করার নির্বাচন প্রচেষ্টা সরকারের নীতির একটি অংশ।
- কৃষি পণ্যের ন্যায্য মূল্য প্রাপ্তির লক্ষ্যে গ্রুপ ও সমবায় ভিত্তিক বিপণন ব্যবস্থা গড়ে তুলতে সহযোগিতা করুন।
- প্রয়োজনীয় বাজার তথ্য আপনার কৃষি পণ্যের উপযুক্ত মূল্য প্রাপ্তির ক্ষেত্রে খুবই সহায়ক।
- আসুন, দেশের কৃষি পণ্যের সুষ্ঠু বিপণন ব্যবস্থা গড়ে তুলে কৃষকের দারিদ্র্য বিমোচনে সচেষ্ট হই।

কৃষি বিপণন অধিদপ্তর

ফটো নং - ২৪০৪৪ - ২১/৬/৯৮

বর্তমান সরকারের সাফল্যময় দু'বছর পূর্তিতে আমাদের অভিনন্দন



অযথা গাছ কাটবেন না।
গাছ বিনষ্টকারীদের
প্রতিহত করুন।

উপকূলীয় সবুজ বেষ্টনী প্রকল্প, বাংলাদেশ বন বিভাগ, ঢাকা।

ডিঃ পি : ১৪০৪২-২১-৬
এফ. পি. নং : ২৪০৪৪-২১-৬

বিজ্ঞপ্তি

(মূল্য সংযোজন করের আওতায় নিবন্ধিত প্রতিষ্ঠান নিরীক্ষা সম্পর্কিত)

“জাতীয় রাজস্ব সংরক্ষণে অংশ নিন”

“মুসক অডিটে সহযোগিতা করুন”

১৯৯১ সালের ১লা জুলাই থেকে মূল্য সংযোজন কর ব্যবস্থা চালু হয়েছে। এই ব্যবস্থায় একজন করদাতা নিজেই পণ্য বা সেবা ভোক্তার নিকট খালাস/প্রদানের সময়ই প্রদেয় কর হিসাব করে তা সরকারী কোষাগারে জমা প্রদান করে থাকেন। অর্থাৎ কোন পণ্য উৎপাদনকারী/সেবা প্রদানকারী ভোক্তার নিকট থেকেই এই কর পণ্য বিক্রয়/সেবা প্রদানের সময় আদায় করে সরকারী কোষাগারে জমা দেন।

মূল্য সংযোজন কর ব্যবস্থাপনার দায়িত্ব হচ্ছে এই কর যথাযথভাবে হিসাব করে সঠিক সময়ে সঠিক পরিমাণে পরিশোধ করা হচ্ছে কিনা সে বিষয়টি যাচাই করে দেশীয় ভোক্তা কর্তৃক পরিশোধিত জাতীয় রাজস্ব সংরক্ষণ করা।

সঠিক সময়ে সঠিক পরিমাণ রাজস্ব আদায় নিশ্চিত করার লক্ষ্যে মূল্য সংযোজন কর ব্যবস্থাপনা সময়ে সময়ে নির্বাচিত কোন কোন করদাতা প্রতিষ্ঠানের কতিপয় কর্মকাণ্ড নিরীক্ষা করে থাকেন। এ জন্য আগে ভাগেই নিরীক্ষার জন্য নির্বাচিত প্রতিষ্ঠানকে নিরীক্ষার প্রয়োজন হতে পারে এমন সকল হিসাব সম্বন্ধীয় দলিলপত্রসহ প্রস্তুত রাখার জন্য অবহিত করা হয়। সুতরাং নিবন্ধিত প্রতিষ্ঠান কর্তৃপক্ষের আন্তরিক সহযোগিতা ছাড়া নির্ধারিত সময়ে এবং সুষ্ঠু ও কার্যকরভাবে নিরীক্ষা সম্পাদন করা সম্ভব নয়।

মূল্য সংযোজন কর আইন ১৯৯১-এর ধারা ৩৪ অনুযায়ী এই আইনের অধীনে যে কোন ধরনের হিসাব সম্পর্কিত দলিলাদি চাওয়ামাত্র যে কোন নিবন্ধিত করদাতা প্রতিষ্ঠান তা নিরীক্ষা কর্মকর্তাগণকে দিতে বাধ্য; অন্যথায় তা ধারা ৩৭ অনুযায়ী দণ্ডনীয় অপরাধ হিসেবে বিবেচিত।

এমতাবস্থায় মূল্য সংযোজন করের আওতায় নিবন্ধিত সকল করদাতা প্রতিষ্ঠানকে নিরীক্ষায় বা অডিটে সক্রিয় সহযোগিতা করার জন্য অনুরোধ করা যাচ্ছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অডিটের প্রাক্কালে অডিটকারী কর্মকর্তাদের যথাযথ আইডি কার্ড ও সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক জারিকৃত অডিট আদেশ আছে কিনা সে সম্পর্কে নিশ্চিত হতে পারেন।

জাতীয় রাজস্ব বোর্ড

ডিঃ এফ. পি.: ১৪০৩৭-২১/০৬/৯৮